দৈনিক ইনকিলাব

তারিখ ... 26 MAR 2009 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

# মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা প্রকল্পে নিয়োগ নিয়ে অনিয়ম হয়েছে

*বিগত সরকারের ঘটনা পর্যালোচনাকালে সংসদীয় স্থায়ী কমিটি*

**সংসদ রিপোর্টার :** বিগত জোট সরকারের আমলে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পে লোক নিয়োগে অনিয়ম ও দুর্নীতি হয়েছে বলে অভিযোগ উঠেছে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে এ অভিযোগ উত্থাপিত হয়। জাতীয় সংসদ ভবনে গতকাল বুধবার দুপুরে অনুষ্ঠিত স্থায়ী কমিটির বৈঠকে এ ব্যাপারে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দেয়া হয়েছে। বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মোঃ মজিবর রহমান। বৈঠকে কমিটির সদস্য ও ধর্ম প্রতিমন্ত্রী মোঃ শাহজাহান মিয়া, মোঃ মতিউর রহমান, হাবিবুর রহমান মোল্লা, সাধন চন্দ্র মজুমদার ও বজলুল হক হারুনসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বৈঠকে জানানো হয়, ইসলামিক ফাউন্ডেশনের মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমে প্রকল্পের অধীনে ৪টি পর্যায়ে ৫৩ লাখ ৫৮ হাজার ৭৫০ জনকে শিক্ষা প্রদান করা হয়েছে।